


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২
www.bba.gov.bd

স্মারক নং ৫০.০১.০০০০.১০৩.১৩.০০২.২১-২২ন

তারিখ: ১৬/০৪/২০২৪

দরপত্র বিজ্ঞপ্তি

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের বনানীস্থ “সেতু ভবন” এর অফিস চত্বরে অবস্থিত একটি ক্যান্টিন ইজারা প্রদানের নিমিত্ত অভিজ্ঞতাসম্পন্ন প্রকৃত ক্যাটারিং/রেস্টুরেন্ট ব্যবসায়ী প্রতিষ্ঠানের কাছ থেকে কতিপয় শর্তে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র আগামী ০৭/০৫/২০২৪ তারিখ বেলা ১২.০০ টা পর্যন্ত অতিরিক্ত পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষে রক্ষিত টেন্ডার বাক্সে গৃহীত হবে এবং ঐদিনই বেলা ১২:৩০ টার সময় দরদাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। কৃতকার্য দরদাতাকে প্রাথমিকভাবে ০২ (দুই) বছরের জন্য ক্যান্টিন পরিচালনার দায়িত্ব দেয়া হবে। ক্যান্টিন পরিচালনার গুণগতমান ও শর্তাবলী নিশ্চিত করার লক্ষ্যে নির্বাচিত প্রতিষ্ঠানকে উক্ত সময়ের জন্য Performance Security বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা) কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে, যা মেয়াদ শেষে ফেরতযোগ্য। আগামী ০৫/০৫/২০২৪ তারিখ পর্যন্ত নগদ ৩০০.০০ (তিনশত) টাকার বিনিময়ে (অফেরতযোগ্য) অফিস চলাকালীন সময়ের মধ্যে কর্তৃপক্ষের অর্থ ও হিসাব শাখা থেকে দরপত্র তফসিল ক্রয়/সংগ্রহ করা যাবে। কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।


16-04-2024

(শেখ ইশতিয়াক আহমেদ)

উপপরিচালক (প্রশাসন)

ফোন: ০২৫৫০৪০৩১৮

ফ্যাক্স ০২৫৫০৪০৪৪৪

ইমেইল: dd-admn@bba.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) পরিচালক, পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
- ২) পরিচালক, পরিচালক (অর্থ ও হিসাব) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
- ৩) অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
- ৪) নির্বাহী পরিচালকের একান্ত সচিব, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
- ৫) প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ (ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬) প্রটোকল-কাম-পাবলিক রিলেশন অফিসার, প্রশাসন শাখা, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ (০২টি বহল প্রচারিত বাংলা দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
- ৭) এসিস্ট্যান্ট ডাইরেক্টর (প্রশাসন), প্রশাসন শাখা, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ (তাকে আপ্যায়নের জন্য অনুরোধ করা হলো)।
- ৮) অফিস কপি